

# বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪



তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর







# সূচীপত্র

১. পটভূমি, ভিশন ও মিশন .....	১
১.১ পটভূমি .....	১
১.২ রূপকল্প (Vision) ও অভিলক্ষ্য (Mission).....	১
২. আইসিটি অধিদপ্তরের কার্যাবলী: .....	১
৩. সাংগঠনিক কাঠামো .....	২
৪. জনবল কাঠামো (অনুমোদিত, কর্মরত ও শূন্যপদ).....	৪
৫. বাজেট বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ.....	৫
৬. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪:.....	৬
৭. জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৩-২০২৪.....	৮
৮. ইনোভেশন কার্যক্রমঃ .....	৯
৯. ২০২৩-২৪ অর্থবছরে দক্ষ মানবসম্পদ উন্নয়নে প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালার বিবরণ: .....	১২
১০. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের চলমান প্রকল্পসমূহ.....	১৫
১০.১ শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়):.....	১৬
১০.২ প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন (Her Power)-২য় পর্যায়.....	২০
১০.৩ ডিজিটাল সংযোগ স্থাপন (Establishing Digital Connectivity) .....	২১
১১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রস্তাবিত প্রকল্পসমূহ.....	২৫
১২. দেশিয় ও আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্বাক্ষর (এমওইউ) .....	২৬
১৩. সাম্প্রতিক অর্জনসমূহ .....	২৯




## ১. পটভূমি, ভিশন ও মিশন

### ১.১ পটভূমি

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে আইসিটি খাতকে বিশেষ গুরুত্বারোপ করে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বব্যাপী প্রয়োগ ও ব্যবহারে কারিগরি সহায়তা নিশ্চিতকরণ; তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সুবিধাসমূহ প্রান্তিক পর্যায়ে পৌঁছানো, অবকাঠামো নিরাপত্তা বিধান; রক্ষণাবেক্ষণ; বাস্তবায়ন; সমন্বয়-সাধন ও টেকসই উন্নয়ন; সম্প্রসারণ মান নিয়ন্ত্রণ ও কম্পিউটার পেশাজীবীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে সার্ভিস প্রদান নিশ্চিত করার লক্ষ্যে ৩১ জুলাই ২০১৩ তারিখে ‘তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর’ গঠিত হয়।

### ১.২ রূপকল্প (Vision) ও অভিলক্ষ্য (Mission)



## ২. আইসিটি অধিদপ্তরের কার্যাবলী:

### আইসিটি অধিদপ্তরের উল্লেখযোগ্য প্রধান কার্যাবলী





## ৩. সাংগঠনিক কাঠামো

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর






## 8. জনবল কাঠামো (অনুমোদিত, কর্মরত ও শূন্যপদ)

আইসিটি অধিদপ্তরের অনুমোদিত জনবলের তথ্য

ক্রমঃ	গ্রেড	পদের নাম	অনুমোদিত	কর্মরত	শূন্য
১.	০২	মহাপরিচালক	০১	০১	০
২.	০৩	অতিরিক্ত মহাপরিচালক	০১	০১	০
৩.	০৩	সিস্টেমস ম্যানেজার	০১	০১	০
৪.	০৫	পরিচালক	০২	০১	০১
৫.	০৬	উপ-পরিচালক	০৪	০৩	০১
৬.	০৬	প্রোগ্রামার	৬৪	৪২	২২
৭.	০৬	নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার	০২	০২	০
৮.	০৬	মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	০২	০২	০
৯.	০৬	ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর	০১	০১	০
১০.	০৬	ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর	০১	০১	০
১১.	০৯	সহকারী পরিচালক	০৪	০৪	০
১২.	০৯	সহকারী প্রোগ্রামার	৪৯২	৪৬৫	২৭
১৩.	০৯	সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার	৬৫	৫৩	১২
১৪.	১০	ডাটা এন্ড্রিকন্ট্রোল সুপারভাইজার	০২	০২	০
১৫.	১০	প্রশাসনিক কর্মকর্তা	০১	০১	০
১৬.	১০	হিসাবরক্ষণ কর্মকর্তা	০১	০০	১
১৭.	১৩	কম্পিউটার অপারেটর	৭০	৫৪	১৬
১৮.	১৩	ক্যাটালগার	০১	০০	০১
১৯.	১৩	ব্যক্তিগত সহকারী (পিএ)	০৩	০২	০১
২০.	১৪	উচ্চমান সহকারী	০১	০১	০
২১.	১৪	হিসাবরক্ষক	০১	০১	০
২২.	১৪	ক্যাশিয়ার	০১	০১	০
২৩.	১৬	ডাটা এন্ড্রিকন্ট্রোল অপারেটর	৪৮৯	০১	৪৮৮
২৪.	১৬	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৩	০২	০১
২৫.	১৬	স্টোর কিপার	০১	০১	০
২৬.	১৬	প্লাস্কার	০১	০১	০
২৭.	১৬	গাড়িচালক	৭১	০০	৭১
২৮.	১৭	ল্যাব এটেন্ডেন্ট	০৩	০০	০৩
২৯.	১৮	ডেসপাচ রাইডার	০১	০০	০১
৩০.	২০	নিরাপত্তা প্রহরী	০৪	০০	০৪
৩১.	২০	অফিস সহায়ক	১০	০০	১০
৩২.	২০	অফিস সহায়ক	৫৫২	০০	৫৫২
৩৩.	২০	পরিচ্ছন্নতা কর্মী	১১	০০	১১
৩৪.	২০	মালি	০১	০০	০১
		<b>মোট</b>	<b>১৮৬৮</b>	<b>৬৪৪</b>	<b>১২২৪</b>



## ৫. বাজেট বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ

অর্থ শাখা হতে ২০২৩-২০২৪ অর্থবছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে জেলা ও উপজেলা পর্যায়ে বরাদ্দ প্রদান এবং মনিটরিং করা হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রধান কার্যালয়, জেলা কার্যালয় ও উপজেলা কার্যালয়ের বরাদ্দ ও ব্যয় নিম্নরূপঃ

### ৫.১ ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট বরাদ্দ ও ব্যয়

অফিস	বরাদ্দ	সংশোধিত বরাদ্দ	ব্যয় যোগ্য বরাদ্দ	ব্যয়	শতকরা (%)
প্রধান কার্যালয়	১৭০৬.৭৩	১৮০৫.২৭	১৭৮৮.৩৭	১৬৪৩.০২	৯১.৮৭%
জেলা কার্যালয়	১৪৭৯.৯৬	১৩৪৬.৫৫	১৩৪২.৭১	১২৬৫.১৮	৯৩.৯৬%
উপজেলা কার্যালয়	৪৩২৩.৩১	৩৮৮০.২৫	৩৮৪৫.২৪	৩৬২৪.৩৪	৯৩.৪১%
সর্বমোট	৭৫১০.০০	৭০৩২.০৭	৬৯৭৬.৩২	৬৫৩২.৫৪	৯৩.১২%

## ৫.২ বিগত ১০ বছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের বাজেট বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যঃ

## অর্থবছরে বরাদ্দ (লক্ষ টাকায়)

বাজেট	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	২০২৩-২৪	২০২৩-২৪
বরাদ্দ	২২৬.৯৩	২১৯৬.১০	৩৩৪০.৯১	৪০০৩.৩৫	৪০৭৬.৫৩	৪৭২০.১৭	৭৫১১.২৪	৬৫৫৮.৮৮	৬৩৫৫.৮৩	৬০৯৬.৩৮	৭৫১০.০০
ব্যয়	২১৬.১১	৫৭৯.৭৫	২৮৫৪.৯১	৩১৫৬.৭২	৩৩৩৩.৬৩	৩৭১২.২৭	৬৩৮৭.৩৯	৬২৮৩.৪২	৫৭৯৫.৬৭	৫৭১৪.৩৫	৬৫৩২.৫৪
শতকরা	৯৫.২৪	২৬.৪০	৮৫.৪৬	৭৮.৮৫	৮১.৭৮	৭৮.৬৫	৮৫.০০	৯৬%	৯১.১৯	৯৪.০০	৯৩.১২%

## ৬. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪:

স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি ও সম্পদের যথাযথ ব্যবহার এবং প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে সরকার কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করেছে। এরই ধারাবাহিকতায় গত ২১/০৬/২০২৩ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ সম্পাদিত হয়। এছাড়া গত ১২/০৬/২০২৩ তারিখে অধিদপ্তরের মহাপরিচালক এবং মাঠ পর্যায়ে (৬৪ জেলা) কার্যালয়সমূহে কর্মরত কর্মকর্তাগণ এর মধ্যে অনলাইন জুম প্ল্যাটফর্মের মাধ্যমে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।

অত্র কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ০৪টি কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য ২২টি কার্যক্রম গ্রহণ করা হয় এবং সুশাসন ভিত্তিক ৫ টি কম্পারিকল্পনা বাস্তবায়ন করা হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের দপ্তর সংস্থাসমূহের মধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ২য় স্থান অর্জন করে। আইসিটি অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং চুক্তির উল্লেখযোগ্য অর্জনসমূহ নিম্নরূপঃ

ক্র. নং:	কৌশলগত উদ্দেশ্য	গৃহীত কার্যক্রম
১.	ই-গভর্নেন্স প্রতিষ্ঠায় সহায়তা	<ul style="list-style-type: none"> <li>সুরক্ষা বিষয়ক সেবা প্রদান</li> <li>ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মাঠ পর্যায়ের সরকারি বিভিন্ন দপ্তরে আইসিটি বিষয়ক অনলাইন/ সরাসরি পরামর্শ/সেবা প্রদান</li> <li>Freelancer Database প্রস্তুত</li> <li>Smart office management system প্রস্তুত</li> <li>৫৫২ অফিস সহায়ক পদে নিয়োগ কার্যক্রম গ্রহণ</li> <li>ডিজিটাল কন্টেন্ট রিপোজিটরি সিস্টেম প্রস্তুত</li> <li>পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন</li> </ul>
২.	আইসিটি শিল্পের উন্নয়ন কার্যক্রমকে গতিশীলকরণ	<ul style="list-style-type: none"> <li>স্মার্ট বাংলাদেশ দিবস উদযাপন</li> <li>দিবস উদযাপন</li> <li>শিক্ষা প্রতিষ্ঠানে IT Carnival আয়োজন</li> <li>নিউজলেটার প্রকাশনা</li> <li>BPO সামিট আয়োজন</li> </ul>
৩.	আইসিটি অবকাঠামো উন্নয়ন	<ul style="list-style-type: none"> <li>“SET Center” এর ভৌত অবকাঠামো নির্মাণ</li> <li>প্রান্তিক পর্যায়ে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে ইন্টারনেট সংযোগ প্রদান</li> </ul>
৪.	মানব সম্পদ উন্নয়ন	<ul style="list-style-type: none"> <li>4IR এর সম্ভাবনা কাজে লাগানো ও চ্যালেঞ্জ মোকাবিলায় কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান</li> </ul>







	<ul style="list-style-type: none"> <li>• অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বুনিয়াদি/দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন</li> <li>• ই নথি/ডি নথি বিষয়ক অনলাইন/সরাসরি প্রশিক্ষণ</li> <li>• অধিদপ্তরের ১০-১৬তম গ্রেডের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন</li> <li>• Digital Threats &amp; Countermeasures প্রশিক্ষণ</li> <li>• নারী উদ্যোক্তা তৈরিতে প্রশিক্ষণ</li> <li>• ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) প্রকল্পের মাধ্যমে শিক্ষকদের “আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলসুটিং ও মেইনটেন্যান্স” বিষয়ক প্রশিক্ষণ প্রদান।</li> <li>• ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) প্রকল্পের মাধ্যমে ছাত্র-ছাত্রী কে পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ প্রদান।</li> </ul>
--	--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

### ৬.১ ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির উল্লেখযোগ্য অর্জনসমূহ:

ক্র: নং:	কার্যক্রম	লক্ষ্যমাত্রা (সংখ্যা)	প্রকৃত অর্জন
১.	সরকারি দপ্তরে দক্ষতা, দূত সিদ্ধান্ত ও ইলেকট্রনিক ব্যবস্থাপনা প্রবর্তনের লক্ষ্যে ডি-নথি, বিষয়ক অনলাইন/ ক্ষেত্র বিশেষে সরাসরি প্রশিক্ষণ প্রদান	২৫০০	২৫৫০
২.	ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মাঠ পর্যায়ের সরকারি বিভিন্ন দপ্তরে আইসিটি বিষয়ক অনলাইন/ সরাসরি পরামর্শ/সেবা প্রদান	১৭০০০	২৮৮২০
৩.	ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) প্রকল্পের মাধ্যমে শিক্ষকদের “আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলসুটিং ও মেইনটেন্যান্স” বিষয়ক প্রশিক্ষণ প্রদান	৩৫০০০	৩৬০২০
৪.	ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) প্রকল্পের মাধ্যমে ছাত্র-ছাত্রী কে পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ প্রদান	২৫০০০	২৫০০০
৫.	স্মার্ট বাংলাদেশ দিবস উদযাপন	-	উদযাপিত
৬.	নারী উদ্যোক্তা তৈরিতে প্রশিক্ষণ	৪৩০০	৪৩০০
৭.	4IR এর সম্ভাবনা কাজে লাগানো ও চ্যালেঞ্জ মোকাবিলায় কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান	২০০	২০০
৮.	Digital Threats & Countermeasures প্রশিক্ষণ	৩০০	৩০০
৯.	“SET Center” এর ভৌত অবকাঠামো নির্মাণ	৩০	৩০
১০.	প্রাস্তিক পর্যায়ে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে ইন্টারনেট সংযোগ প্রদান	৩০০০	৩০০০

## ৭. জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৩-২০২৪

৭.১ আইসিটি অধিদপ্তরে জাতীয় শুদ্ধাচার নীতিমালার আলোকে নিম্নরূপ কর্মকর্তা/কর্মচারীগণকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়ঃ

ক্রম	নাম ও পদবি	গ্রেড	কর্মস্থল	ছবি
১	জনাব মোঃ সুলতান মাহমুদ ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর (পরিকল্পনা ও উন্নয়ন)	০৬	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর	
২	মিজ রোমা আক্তার কম্পিউটার অপারেটর	১৩	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর	
৩	জনাব নূরে আলম সিদ্দীকী প্রোগ্রামার	০৬	জেলা কার্যালয়, ময়মনসিংহ	
৪	জনাব আশিকুর রহমান সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার	০৯	জেলা কার্যালয়, ভোলা	
৫	জনাব মোঃ তসিকুল ইসলাম কম্পিউটার অপারেটর	১৩	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর	
৬	জনাব মোঃ বুবেল মিয়া সহকারী প্রোগ্রামার	০৯	উপজেলা কার্যালয়, সদর, দিনাজপুর	

## ৮. ইনোভেশন কার্যক্রমঃ

### ৮.১ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রম

একুশ শতকের উপযোগী দক্ষ মানবসম্পদ গড়ে তোলাকে অগ্রাধিকার দিয়ে শুরু হয়েছিল ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের কার্যক্রম। সে লক্ষ্য অর্জনে সরকার শতভাগ সফল। দেশে তথ্যপ্রযুক্তির বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে ২০ লক্ষ দক্ষ মানুষ তৈরি করা হয়। একই সময়ে দেশে তথ্যপ্রযুক্তিনির্ভর কর্মসংস্থান হয় ২০ লক্ষ। বিশ্বে অনলাইন শ্রমশক্তিতে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। ২০১৬ সাল থেকে চতুর্থ শিল্পবিপ্লব নিয়ে আলোচনা শুরু হলে সরকার চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা ও সম্ভাবনা কাজে লাগানোর ওপর গুরুত্ব দেয়। সেই থেকে চলমান রয়েছে ফ্রন্টিয়ার বা অগ্রগামি প্রযুক্তিতে দক্ষ মানব সম্পদ তৈরির নানা উদ্যোগ ও প্রশিক্ষণ।

২০২৫ সালের মধ্যে আইটি সেক্টরে ৩০ লাখ তরুণ-তরুণীর কর্মসংস্থান সৃষ্টি, শতভাগ ই-সার্ভিস প্রদান ও ২০৪১ সালের মধ্যে জ্ঞানভিত্তিক, অগ্রসরমান অর্থনীতি, উদ্ভাবনী ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করা এবং মাথাপিছু ১২ হাজার মার্কিন ডলার আয়ের লক্ষ্যমাত্রা নিয়ে কাজ চলমান রয়েছে। প্রযুক্তিগত উন্নয়নের সাথে দক্ষ মানবশক্তি তৈরির মাধ্যমে বাংলাদেশ পরিণত হবে জ্ঞানভিত্তিক উদ্ভাবনী উন্নত বাংলাদেশে।

‘উন্নয়নশীল দেশ থেকে

উন্নত দেশে যাবে উদ্ভাবনে’

“ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা” এবং “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি” এর শতভাগ অর্জনের অংশ হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বিভিন্ন অর্থবছরে সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজকরণ এবং উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন করে যাচ্ছে। উল্লেখ্য, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরে “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা” বাস্তবায়নে আইসিটি বিভাগের অধীনস্থ দপ্তর সংস্থার মধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর প্রথম স্থান অর্জন করে।

### ৮.২ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার তালিকা

১	২	৩	৪	৫	৬
ক্রমিক নং	বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়ার কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি- না	মন্তব্য
১.	‘সরকারি খাদ্য (খান) ক্রয়ে বিক্রেতা (কৃষক) নির্বাচনের জন্য ডিজিটাল লটারি সিস্টেম ও ডাটাবেস সংরক্ষণ’ নামক উদ্যোগটির পাইলটিং কার্যক্রম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মেহেরপুর সদর, মেহেরপুর - এ সম্পন্ন হয়েছে। এনালগ পদ্ধতিতে বিক্রেতা নির্বাচন খুবই সময়সাধ্য। ১০০০-২০০০ বিক্রেতা নির্বাচনের জন্য সারাদিন লেগে যায় ফলে উক্ত উদ্যোগটি বাস্তবায়নের ফলে সরকারি খাদ্য(খান) ক্রয়ে বিক্রেতা(কৃষক) নির্বাচন ডিজিটাল পদ্ধতিতে দ্রুত সম্পন্ন করা যাচ্ছে এবং এতে সরকারি (খাদ্য) ক্রয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হচ্ছে।	হ্যাঁ	হ্যাঁ	উদ্ভাবকঃ জনাব সুব্রত কুমার বিশ্বাস, সহকারী প্রোগ্রামার মেহেরপুর সদর <a href="mailto:subroto.doict@gmail.com">subroto.doict@gmail.com</a> ০১৭২২২৭২৭৯০	
২.	Central Aid Management System (CAMS):	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে কর্মরত জেলার ৫ জন দক্ষ প্রোগ্রামার বাংলাদেশ সরকারের মানবিক সহায়তা বিতরণের কাজে গতিশীলতা আনয়ন ও নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে পেশাগত দায়বদ্ধতা থেকে স্ব-উদ্যোগে নিজস্ব ব্যবস্থাপনায় Central Aid Management System (CAMS)	হ্যাঁ	হ্যাঁ	উদ্ভাবকঃ জনাব মোঃ হারুন অর রশিদ, প্রোগ্রামার, জেলা কার্যালয়, টাঙ্গাইল (সংযুক্তিঃ প্রধান কার্যালয়) এবং আরো ০৪ (চার) জন প্রোগ্রামার <a href="mailto:harun.rosid@doict.gov.bd">harun.rosid@doict.gov.bd</a> ০ ১৭১২ ৮২২২০৬

		সফটওয়্যার তৈরি করেছে। এরই ধারাবাহিকতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক তৈরিকৃত Central Aid Management System (CAMS) সফটওয়্যারটির কলেবর বৃদ্ধিপূর্বক সকল মানবিক সহায়তা বিতরণ ব্যবস্থাপনায় ব্যবহারের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য, করোনাকালীন সময়ে CAMS ব্যবহার করে এ পর্যন্ত ৩৪ লক্ষ ৯৭ হাজার ৩৫৩টি পরিবারকে ২৫০০ টাকা করে মোট ৮৭৪ কোটি ৩৩ লক্ষ ৮২ হাজার ৫০০ টাকা সহায়তা প্রদান করা হয়েছে।			
৩.	অনলাইন কম্পিউটার ল্যাব বরাদ্দ ব্যবস্থাপনা:	বর্তমানে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন ল্যাব প্রদানকারী প্রতিষ্ঠানের মাধ্যমে স্থাপিত কম্পিউটার ল্যাব সমূহের তথ্য একটি নির্দিষ্ট ওয়েব এপ্লিকেশন থেকে প্রাপ্তির ব্যবস্থা নেই। ফলশ্রুতিতে অনেক সময় একই শিক্ষা প্রতিষ্ঠানে একই ল্যাব প্রদানকারী সংস্থা ভুলক্রমে একাধিক ল্যাব দিয়ে ফেলে। আবার একটি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব প্রদানের ক্ষেত্রে পূর্বে সে প্রতিষ্ঠানে কোনো কম্পিউটার ল্যাব আছে কিনা তা জানা বা এই তথ্যের সত্যতা যাচাই করা অত্যাবশ্যিক। অপরদিকে কম্পিউটার ল্যাবের জন্য নির্দিষ্ট ফরমেটে অনলাইনে আবেদন করার প্ল্যাটফর্ম অত্যন্ত প্রয়োজনীয়। আর উক্ত সমস্যা বা চাহিদাসমূহের প্রেক্ষিতে ‘অনলাইন কম্পিউটার ল্যাব বরাদ্দ ব্যবস্থাপনা’ এই উদ্ভাবন (ইনোভেশন) টি এই সমাধান করে।	হ্যাঁ	হ্যাঁ	উদ্ভাবকঃ জনাব রিয়াসাত রায়হান নুর, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, তিতাস, কুমিল্লা, (সংযুক্তিঃ ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়))  <a href="mailto:riyasatraihan@gmail.com">riyasatraihan@gmail.com</a> ০১৬৭২৭০২৪৩৭
৪.	‘School Admission Lottery Management System (SALMS)’	করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভর্তি ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়ন, সেবার মান বৃদ্ধি, উদ্ভাবন চর্চা ও এর প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে ‘School Admission Lottery Management System (SALMS)’ নামক সিস্টেম সফটওয়্যার ( <a href="http://salms.doict.gov.bd/">http://salms.doict.gov.bd/</a> ) প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে উক্ত ডিজিটাইজকৃত সেবাটির পাইলটিং কার্যক্রম তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, পাবনা-তে সম্পন্ন হয়েছে।	হ্যাঁ	হ্যাঁ	উদ্ভাবকঃ জনাব সজীব সরকার, প্রোগ্রামার, জেলা কার্যালয়, পাবনা  <a href="mailto:sajib.ict.05@gmail.com">sajib.ict.05@gmail.com</a> ০ ১৭৮৫ ০৪৩৪৮৯
৫.	Connect DoICT (Mobile Apps)	১। অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তাদের কেন্দ্রীয় ডাটাবেজ থাকবে ফলে সহজেই সকলের তথ্য পাওয়া যাবে; ২। দ্রুততার সাথে বিভিন্ন নোটিশ, নোটিফিকেশন সবার মাঝে প্রেরণ; ৩। বিভিন্ন ইভেন্ট এবং সার্ভিস সম্পর্কিত তথ্য সহজেই দেখা; ৪। সরকারী বিভিন্ন জরুরি অফিস আদেশ/প্রজ্ঞাপনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ফাইল ডাউনলোডের সুবিধা; ৫। অনলাইনভিত্তিক মিনি নিউজ পোর্টাল; ৬। নিজের স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন তথ্য সংরক্ষণ এবং নোটিফিকেশন এর সুবিধা; ৭। ইত্যাদি।	হ্যাঁ	হ্যাঁ	উদ্ভাবকঃ জনাব মোঃ শরীফুল ইসলাম, সহকারী পরিচালক (অর্থ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর <a href="mailto:sharifulislam@doict.gov.bd">sharifulislam@doict.gov.bd</a> ০ ১৭১৩ ৪৯৪৬৬১

৬.	স্বল্প খরচে বিদ্যুৎ সশ্রয়ী স্বয়ংক্রিয় ওয়াটার পাম্প কন্ট্রোলার	বর্তমান সময়ে দেশে তো বটেই পৃথিবীর প্রায় সকল দেশেই ইলেকট্রিক মটর দৈনন্দিন জীবনে পানির ব্যবহারের জন্য একটি অত্যন্ত প্রয়োজনীয় জিনিস। প্রতিদিনই প্রতি বাসায় ইলেকট্রিক মটর অন বা চালু করা হচ্ছে পানির ব্যবহারের জন্যে। অনেক সময় সময়মত মটর অফ করতে ভুলে যাওয়ার কারণে ইলেক্ট্রিসিটি এবং পানির অপচয় হয়। ফলে সামগ্রিকভাবে চিন্তা করলে প্রতিদিনই দেশের প্রচুর ইলেক্ট্রিসিটি ও পানির অপচয় হচ্ছে। 'স্বল্প খরচে বিদ্যুৎ সশ্রয়ী স্বয়ংক্রিয় ওয়াটার পাম্প কন্ট্রোলার' এই সমস্যা সমাধান করতে সক্ষম হয়েছে যেন পানি ভর্তি হবার সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে ওয়াটার পাম্পটি বন্ধ হয়ে যায়।	হ্যাঁ	হ্যাঁ	উদ্ভাবকঃ জনাব তানিয়া আফরোজ, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, সদর, মানিকগঞ্জ <a href="mailto:taniaafroz03@gmail.com">taniaafroz03@gmail.com</a> ০ ১৭৩৩ ৫৩৩৫৪৩
৭.	আইসিটি অধিদপ্তর কর্তৃক প্রদেয় কারিগরি সহায়তা সেবা	তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নয়নে আইসিটি অধিদপ্তর প্রতিষ্ঠানগ্ন থেকে জেলা পর্যায়ে দপ্তর স্থাপনের মাধ্যমে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। জেলা ও উপজেলা পর্যায়ে আইসিটি অধিদপ্তর কর্তৃক নিয়োজিত প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার ও কম্পিউটার অপারেটর সাধারণ জনগণ ও বিভিন্ন সরকারি দপ্তরে আইসিটি নির্ভর সেবা যেমন- নথি, ওয়েব পোর্টাল, সরকারি বিভিন্ন সেবা সংক্রান্ত এপ্লিকেশন, হার্ডওয়ার, ইন্টারনেট কানেকটিভিটিসহ নানাবিধ সেবা প্রদান করা হয়। সেসকল সেবা প্রদানের বিবরণ এবং তথ্য যথাযথভাবে ইলেকট্রনিক উপায়ে সংরক্ষণের ব্যবস্থা করা।	হ্যাঁ	হ্যাঁ	উদ্ভাবকঃ জনাব বিপুল বনিক, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, রাজশামাটি সদর, রাজশামাটি <a href="mailto:biplu.6ap@doict.gov.bd">biplu.6ap@doict.gov.bd</a> ০ ১৮১৭ ৭৫০৫৫৪ <b>আপডেট ভার্সন তৈরি করা হয়েছে</b> <b>বিধায় এটি আর ব্যবহার হচ্ছে না</b>
৮.	দেওয়ানী মামলা ডিজিটাল ট্র্যাকিং ও মনিটরিং সিস্টেম	বর্তমানে জেলা প্রশাসন কর্তৃক পরিচালিত যে সকল দেওয়ানী মামলাসমূহ আছে সেগুলি সম্পূর্ণ ম্যানুয়াল পদ্ধতিতে হার্ড ফাইলের মাধ্যমে ব্যবস্থাপনা করা হয়। যার ফলে এক নজরে মামলাসমূহের অবস্থা এবং মামলার শেষ অবস্থা অনুযায়ী কোন পরিসংখ্যান পাওয়া যায় না এবং অনেক ক্ষেত্রেই মামলার শুনানির তারিখ অনুযায়ী সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ আদালতে যথাসময়ে হাজির হতে পারেনা। এর ফলে অনেক ক্ষেত্রেই দেখা যায় মামলাগুলি এক তরফা সরকারের বিপক্ষে রায় হয়ে যায়। যাতে করে সরকারি সম্পদের একটি বড় অংশ খোয়া যায়। <b>মোট দাগের সমস্যাগুলি নিম্নরূপঃ</b> ১) সর্বশেষ অবস্থাভিত্তিক মামলার পরিসংখ্যান পাওয়া যায় না। ২) নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ মামলার হাজিরা সম্পর্কে অবহিত হন না। ৩) মনিটরিং এর অভাবে সরকার মামলায় হেরে যায় এবং সরকারের সম্পদ (ভূমি) হারিয়ে ফেলে।	হ্যাঁ	হ্যাঁ	উদ্ভাবকঃ জনাব মোঃ আনিছুর রহমান, প্রোগ্রামার, জেলা কার্যালয়, যশোর <a href="mailto:anisur.rahman.doict@gmail.com">anisur.rahman.doict@gmail.com</a> ০ ১৯৬২ ৪২৪৪৩৭
৯.	ই-স্টোর ম্যানেজমেন্ট	বিদ্যমান ব্যবস্থায় একটি দপ্তরে স্টোর ব্যবস্থাপনার জন্য স্টোরে প্রোডাক্ট আইটেম মজুত এর বর্ণনা, পরিমাণ, বিতরণের পরিমাণসহ অবশিষ্ট দ্রব্যাদির তথ্যাদি অফলাইন এবং অনলাইন এ জানা যায় এবং এ পদ্ধতি চালুকরণের ফলে সেবা সহজীকরণ ও সময় এবং অর্থের সাশ্রয়সহ সচ্ছতার সাথে স্টোর ব্যবস্থাপনা করা সম্ভব হয়েছে এবং অনলাইনে স্টোর ব্যবস্থাপনা সিস্টেম খুব সহজেই আপডেট রাখা যাচ্ছে।	হ্যাঁ	হ্যাঁ	উদ্ভাবকঃ প্রধান কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

১০.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ট্রেনিং ডাটাবেজ প্ল্যাটফর্ম (ভার্শন-২)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণের আয়োজন করা হয়। কর্ম সম্পাদন লক্ষ্য বাস্তবায়নের জন্য, আইসিটি বিভাগ ও অধিদপ্তর থেকে প্রতি বছর সরকারি কর্মকর্তা/কর্মচারী ও জনসাধারণের জন্য প্রধান কার্যালয় ও জেলা/উপজেলা পর্যায়ের অফিস সমূহে প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণার্থীদের তথ্য সংরক্ষণ এবং সুষ্ঠুভাবে প্রশিক্ষণ ব্যবস্থা পরিচালনার জন্য ট্রেনিং ডাটাবেজ প্ল্যাটফর্ম এর বৈশিষ্ট্যগুলি নিম্নে দেয়া হলো: <ul style="list-style-type: none"> <li>✓ অ্যাডমিন ব্যবস্থাপনা</li> <li>✓ ব্যবহারকারী ব্যবস্থাপনা</li> <li>✓ পদবী ব্যবস্থাপনা</li> <li>✓ অফিস ব্যবস্থাপনা</li> <li>✓ প্রশিক্ষক ব্যবস্থাপনা</li> <li>✓ প্রশিক্ষণার্থী ব্যবস্থাপনা</li> <li>✓ কোর্স ম্যানেজমেন্ট</li> <li>✓ সেন্টার ব্যবস্থাপনা</li> <li>✓ অর্থবছর ব্যবস্থাপনা</li> <li>✓ ব্যাচ ব্যবস্থাপনা</li> <li>✓ প্রতিবেদন তৈরি</li> <li>✓ প্রশিক্ষণ ডেটা সমিবেশ</li> </ul>	হ্যাঁ	হ্যাঁ	উদ্ভাবকঃ ইঞ্জি. আবু কাউছার, প্রোগ্রামার, জেলা কার্যালয়, লক্ষীপুর (সংযুক্তিঃ প্রধান কার্যালয়) <a href="mailto:eng.abukowsar@gmail.com">eng.abukowsar@gmail.com</a> ০ ১৭১০ ২৭৮৭৬০
-----	----------------------------------------------------------------------------	-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------	-------	-------	-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------

### ৯. ২০২৩-২৪ অর্থবছরে দক্ষ মানবসম্পদ উন্নয়নে প্রশিক্ষণ, সেমিনার ও কর্মশালার বিবরণ:

টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে তথ্যপ্রযুক্তি নির্ভর মানবসম্পদ উন্নয়নে আইসিটি অধিদপ্তর নানাবিধ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে। তন্মধ্যে অন্যতম হলোঃ সরকারি দপ্তরসমূহে ই-নথি বাস্তবায়ন, D-nothi বিষয়ক প্রশিক্ষণ, চতুর্থ শিল্প বিপ্লব (4IR) এর চ্যালেঞ্জ মোকাবেলায় ইমার্জিং টেকনোলজী (AI Driven Data Analytics) বিষয়ক প্রশিক্ষণ, “Digital Threats & Counter Measures” বিষয়ক প্রশিক্ষণ, সরকারি ক্রয় পদ্ধতি, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন, ইনোভেশন, ডিজিটাল লিডারশিপ বিষয়ক প্রশিক্ষণ, জাতীয় শুদ্ধাচার কৌশলসহ যুগোপযোগী বিভিন্ন প্রকার প্রশিক্ষণ কার্যক্রম।

#### ৯.১ ২০২৩-২০২৪ অর্থ বছরে অধিদপ্তর কর্তৃক প্রদানকৃত প্রশিক্ষণ কার্যক্রমের হালনাগাদকৃত তথ্য

##### প্রশিক্ষণঃ

ক্রঃ	ট্রেনিং এর নাম	প্রশিক্ষণ সময়কাল (দিন)	মোট প্রশিক্ষণার্থী
১।	চতুর্থ শিল্প বিপ্লব (4IR) এর চ্যালেঞ্জ মোকাবেলায় ইমার্জিং টেকনোলজী (AI Driven Data Analytics) বিষয়ক প্রশিক্ষণ।	০৫/০৩	২০০
২।	“Digital Threats & Counter Measures” বিষয়ক প্রশিক্ষণ।	০৩	৩০০

## কর্মশালাঃ


ক্রঃ	কর্মশালার নাম	কর্মশালার সময়কাল (দিন)	মোট অংশগ্রহণকারী
১।	আইসিটি অধিদপ্তরের সার্টিফাইং অথোরিটি (সিএ) লাইসেন্স অনুমোদন পরবর্তী করণীয় বিষয়ক কর্মশালা	০১	৫০
২।	স্মার্ট বাংলাদেশ বিষয়ক কর্মশালা	০১	৮০

## ৯.২ ফ্রি-ল্যান্সিং প্রশিক্ষণ

## ফ্রি-ল্যান্সিং প্রশিক্ষণের (২০২৩-২৪) তথ্য

<p><b>ঢাকা</b></p> <p>১। জেলা কার্যালয় ২। সান্দার, ঢাকা ৩। মনোহরদী নরসিংদী ৪। মাথারীপুর সদর ৫। জাজিরা, শরীফতপুর</p>	<p><b>চট্টগ্রাম</b></p> <p>১। দেবীঘর, কুমিল্লা ২। রাঙ্গুনিয়া, চট্টগ্রাম ৩। সদর, কক্সবাজার ৪। সন্দীপ, চট্টগ্রাম ৫। পরশুরাম, ফেনী ৬। ছাগলনাইয়া, ফেনী ৭। সোনাগাজী, ফেনী</p>	<p><b>সিলেট</b></p> <p>১। টুনাবুঘাট, হবিগঞ্জ ২। মাধবপুর, হবিগঞ্জ</p> <p><b>ময়মনসিংহ</b></p> <p>১। শেরপুর সদর ২। গৌরীপুর, ময়মনসিংহ</p>	<p><b>৬ বিভাগ</b></p> <p><b>২৫ উপজেলা</b></p>
<p><b>রাজশাহী</b></p> <p>১। ফেতলাল, অয়পুরছাট ২। সিংড়া, নাটোর ৩। পবা, রাজশাহী ৪। কলাই, ঝয়পুরছাট ৫। আক্কেলপুর, অয়পুরছাট ৬। পাবনা, সদর</p>	<p><b>বরিশাল</b></p> <p>১। কাকারিয়া, পিরোজপুর ২। কলাপাড়া, পটুয়াখালী</p>	<p><b>রংপুর</b></p> <p>১। মিঠাপুকুর, রংপুর</p> <p>২। বাঘারপাড়া, যশোর</p>	<p><b>৩৬ ব্যাচ</b></p>

## ফ্রি-ল্যান্সিং প্রশিক্ষণের সর্বশেষ অগ্রগতি



### ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ সংক্রান্ত স্থিরচিত্রঃ

অধিদপ্তর এর স্টেক হোল্ডার কোডারসট্রাস্ট কর্তৃক ফ্রিল্যান্সার প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদানঃ




### ৯.৩ ই-নথির নতুন ভার্সন ডি-নথি বাস্তবায়ন:

চতুর্থ শিল্পবিপ্লবের প্রযুক্তি- বিশেষ করে ন্যানো, ক্লাউড, আইওটি, রোবোটিকস, কৃত্রিম বুদ্ধিমত্তা, অনুভূতিশীল ডোন, ব্লকচেইনের মতো নিত্যনতুন প্রযুক্তি আমাদের চারপাশের প্রায় সব কিছু পরিবর্তনে প্রভাব বিস্তার করবে। এসব পরিবর্তনের সাথে নিজেদের মানিয়ে নিতে সরকারি অফিসে ডি-নথি ব্যবহারে যে সক্ষমতা তৈরি হচ্ছে, তা থেকে আরও একটি উন্নত সংস্করণ ডিজিটাল নথি (ডি-নথি) প্রস্তুত করা হয়েছে যেখানে অডিও-ভিজুয়াল কল, ক্যালেন্ডার, রিমাইন্ডার, ওসিআর, টেক্সট টু স্পিচ, স্পিচ টু টেক্সট, এআই সহ আরো আধুনিক প্রযুক্তি সমন্বয় ঘটিয়ে ডি-নথি চালু করা হয়েছে। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে দাপ্তরিক কার্যক্রমকে গতিশীল করতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং এটুআই (Aspire to Innovate) প্রোগ্রামের সহযোগিতায় সরকারি দপ্তরে (মাঠ পর্যায় থেকে মন্ত্রণালয় পর্যন্ত) ডি-নথি বাস্তবায়ন করছে। মাঠ পর্যায় থেকে মন্ত্রণালয় পর্যন্ত ডি-নথি কার্যক্রম বেগবান করার লক্ষ্যে সকল সরকারি অফিসের ডি-নথি সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত দক্ষতা ও সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বিগত বছরের ন্যায় ২০২৩-২৪ অর্থবছরে আইসিটি অধিদপ্তরের উপজেলা ও জেলা পর্যায়ের বিভিন্ন সরকারি দপ্তরের ডি-নথির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের বিগত বিভিন্ন অর্থবছরের ডি-নথি প্রশিক্ষণের তুলনামূলক চিত্রঃ




## ১০. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের চলমান প্রকল্পসমূহ

ক্রমিক	প্রকল্পের নাম	সময়কাল
১	শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)	জুলাই, ২০২০ - জুন, ২০২৪ (প্রকল্প সংশোধন প্রক্রিয়াধীন)
২	হার পাওয়ার প্রকল্প: প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)	জুলাই, ২০২২ - জুন, ২০২৫
৩	Establishing Digital Connectivity (EDC)	ডিসেম্বর, ২০২১ - নভেম্বর, ২০২৫

## ১০.১ শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়):

ক্রমিক নং	বিষয়	প্রকল্পের তথ্যাবলী
১।	প্রকল্পের নাম	শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) (১ম সংশোধিত)
	প্রকল্পের মেয়াদকাল	জুন ২০২০ - জুন ২০২৪ পর্যন্ত (প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশনে পত্রিয়াধীন রয়েছে।)
২।	প্রাক্কলিত ব্যয়	৯৩৬.১৮৬৯ কোটি টাকা
৩।	প্রকল্প পরিচালকের নাম ও মোবাইল নম্বর	জনাব এস, এ, এম, রফিকুল্লাহী অতিরিক্ত মহাপরিচালক (যুগ্ম সচিব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ও প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোবাইল নম্বর: ০১৭১৪ ৩২৫৩৮৬
৪।	প্রকল্পের উদ্দেশ্য	ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সারাদেশে আইসিটি শিক্ষার গুণগত মানোন্নয়নের উদ্দেশ্যে শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োজনীয় অবকাঠামো স্থাপন, আইসিটির নিত্যনতুন প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন।

## প্রধান কম্পোনেন্টসমূহঃ



বিভাগ ভিত্তিক বিদ্যমান ৯০০১ টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ডিজিটাল ল্যাব ও স্কুল অব ফিউচারের পরিসংখ্যান



ক্রমিক	বিভাগ	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ডিজিটাল ল্যাব	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত স্কুল অব ফিউচার
১	ঢাকা	১৯০৭	৭০
২	চট্টগ্রাম	১৬৬৪	৫৮
৩	সিলেট	৫৭৯	১৯
৪	বরিশাল	৭১৩	২১
৫	ময়মনসিংহ	৮০৭	২৪
৬	রংপুর	৯৮৩	৩৩
৭	রাজশাহী	১২৫২	৩৯
৮	খুলনা	১০৯৬	৩৬
সর্বমোট		৯০০১	৩০০



জনাব এস এ এম রফিকুল্লাহী, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)  
কর্তৃক ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, ঢাকা পরিদর্শন

### ■ স্কুল অব ফিউচার স্থাপনঃ

শিক্ষার গুণগত মান বৃদ্ধি এবং দক্ষ মানবসম্পদ উন্নয়ন, শিক্ষক ও শিক্ষার্থীদের আইসিটিতে দক্ষতা বৃদ্ধি, Netiquette ও Cyber Security বিষয়ে মানসম্মত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে উন্নত বিশ্বের শিক্ষাক্ষেত্রের উদাহরণগুলোকে অনুসরণ করে সারা দেশের প্রতিটি সংসদীয় আসন থেকে ১ টি করে ৩০০টি স্কুলকে স্মার্ট স্কুল হিসেবে গড়ে তুলতে ৩০০ টি “ স্কুল অব ফিউচার” স্থাপন করা হয়েছে। প্রতিটি স্কুল অব ফিউচারে ৬ টি ইন্টার্যাকটিভ ফ্ল্যাট প্যানেল (স্মার্ট বোর্ড), ৫ টি ডিজিটাল হাজিরা মেশিন, ৪ টি ডেস্কটপ কম্পিউটার, ইন্টারনেট সংযোগসহ ওয়াইফাই রাউটার, প্রায় ১০০০ আইডি কার্ড ও ৩২ টি মডিউল সমৃদ্ধ “লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম” সফটওয়্যার সরবরাহ করা হয়েছে।



জনাব মোঃ মোস্তফা কামাল, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক হালুয়াঘাট বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ স্কুল অব ফিউচার পরিদর্শন



জনাব এস এ এম রফিকুলম্বী, প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) কর্তৃক বুলচান্দ উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ স্কুল অব ফিউচার পরিদর্শন

### ■ রোবটিক্স কর্ণার স্থাপন:

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সারা দেশে স্থাপিত ৩০০টি স্কুল অব ফিউচারকে সমৃদ্ধকরণের লক্ষ্যে প্রতিটি স্কুল অব ফিউচারে একটি রোবটিক্স কর্ণার স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রতিটি রোবটিক্স কর্ণারের জন্য ২ সেট বেসিক রোবটিক্স ইন্সট্রুমেন্ট (এডুকেশনাল ড্রোন, ব্রেডবোর্ড, রেজিস্টার, বিভিন্ন সেন্সর, মোটর ড্রাইভার), ২ সেট এ্যাডভান্সড রোবটিক্স ইন্সট্রুমেন্ট (মাইক্রোকন্ট্রোলার, রিমোট কন্ট্রোলার, রোবট ব্যাটারি), ১টি থ্রিডি প্রিন্টার, কন্ট্রোলারসহ ৩টি ভিআর হেডসেট ও ৬টি ইউপিএস সরবরাহ করা হবে। গতানুগতিক ধারা পরিহার করে আধুনিক, পুনঃবিন্যাসযোগ্য, স্থানান্তরযোগ্য, নান্দনিক ডিজাইনের আসবাবপত্র সরবরাহ ও ল্যাবকক্ষ রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইনে রোবটিক্স কর্ণার স্থাপন করা হচ্ছে।



রোবটিক্স ইন্সট্রুমেন্ট (বেসিক)



রোবটিক্স ইন্সট্রুমেন্ট (এ্যাডভান্সড)

### ■ ডিজিটাল কনটেন্ট তৈরীঃ

শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়াকে উন্নত করতে পাঠ্যক্রম ও এর বাইরের বিভিন্ন বিষয়বস্তু নিয়ে ব্রিটিশ কাউন্সিল কমিউনিকেটিভ ইংলিশ বিষয়ক ৮০ টি, আইসিটি বিষয়ক ৬০ টি, এবং ৬ষ্ঠ-১০ম শ্রেণির বিজ্ঞান ও গণিত বিষয়ক ৪০০০ টি ইন্টার্যাকটিভ ডিজিটাল কনটেন্ট প্রস্তুত কার্যক্রম চলমান রয়েছে।

### ■ কেন্দ্রীয় মনিটরিং ও সাপোর্ট সেন্টার স্থাপনঃ

সারাদেশে স্থাপিত সকল ডিজিটাল ল্যাব কেন্দ্রীয় ভাবে পর্যবেক্ষণ, বিভিন্ন ধরনের প্রতিবেদন প্রস্তুতি, ল্যাব পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ১ টি কেন্দ্রীয় মনিটরিং ও সাপোর্ট সেন্টার স্থাপন করা হচ্ছে। কেন্দ্রীয় মনিটরিং ও সাপোর্ট সেন্টার পরিচালনার জন্য একটি কেন্দ্রীয় মনিটরিং ও সাপোর্ট সিস্টেম সফটওয়্যার প্রস্তুত করা হবে। সফটওয়্যারটি পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও প্রশিক্ষণের জন্য প্রাথমিকভাবে ৫ জন সাপোর্ট ইঞ্জিনিয়ার তিন বছরের জন্য দায়িত্বরত থাকবে।

### ■ শিক্ষকগণের TOT প্রশিক্ষণঃ

সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত মোট ৯০০১ টি ডিজিটাল ল্যাব পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য প্রতিটি ল্যাব হতে ৪ জন করে মোট ৩৬,০২০ জন শিক্ষককে ১০ দিন মেয়াদে “আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলসুটিং ও মেইনটেন্যান্স” বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।

### ■ পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণঃ

শিক্ষার্থীদের স্মার্ট নাগরিক হিসেবে গড়ে তুলতে সারাদেশের ৩০০টি “স্কুল অব ফিউচার” প্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে ৯০ জন করে মোট ২৭,০০০ জন শিক্ষার্থীর ১৫ দিন মেয়াদে পাইথন প্রোগ্রামিং বিষয়ক প্রশিক্ষণ শীঘ্রই শুরু হবে।

### ■ লার্নিং ম্যানেজমেন্ট সফটওয়্যার বিষয়ক শিক্ষক প্রশিক্ষণঃ

সারাদেশের ৩০০টি স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানের ৮৩০০ শিক্ষককে লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম, স্মার্ট বোর্ড, ডিজিটাল এটেনডেন্স সিস্টেম বিষয়ে ২ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### ■ ফ্রন্টিয়ার টেকনোলোজি বিষয়ক শিক্ষক প্রশিক্ষণঃ

ফ্রন্টিয়ার টেকনোলোজি বিষয়ে প্রতিটি স্কুল অব ফিউচার হতে ৬ জন করে মোট ১৮০০ জন শিক্ষককে ২১ দিন মেয়াদে প্রশিক্ষণ শীঘ্রই শুরু হবে।

### ■ আইসিটি অধিদপ্তর ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তার প্রশিক্ষণ প্রদানঃ

কেন্দ্রীয় মনিটরিং ও সাপোর্ট সেন্টারের আওতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ের ১২০০ জন কর্মকর্তাগণকে ৫ দিন মেয়াদে TOT প্রশিক্ষণ প্রদান করা হবে।

## ১০.২ প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন (Her Power)-২য় পর্যায়

<b>প্রকল্প/কর্মসূচি</b>	
ক। প্রকল্প পরিচিতি	<p><b>নামঃ</b> হার পাওয়ার প্রকল্প (Her Power Project): প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন</p> <p>Her Power Project: Empowerment of Women Through ICT Frontier Initiative</p> <p><b>মেয়াদঃ</b> ০১ জুলাই, ২০২২খ্রি. - ৩০ জুন, ২০২৫খ্রি.</p> <p><b>প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) মোট:</b> ২৫০,০২.৫২</p>
খ। উদ্দেশ্য ও লক্ষ্য	<p><b>উদ্দেশ্যঃ</b></p> <p>তথ্য-প্রযুক্তির সর্বোত্তম নিরাপদ ব্যবহার করে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নারীদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা ও উদ্যোক্তা হিসাবে তাদের টেকসই ক্ষমতায়ন নিশ্চিত করা।</p> <p><b>লক্ষ্যমাত্রাঃ</b></p> <p>ক) ৪৩টি জেলার সদর উপজেলাসহ মোট ৩টি উপজেলা ও রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাসহ মোট ১৩০ টি উপজেলায় তথ্য প্রযুক্তিতে নারীদের সক্ষমতা বৃদ্ধিতে চারটি ক্যাটাগরিতে মোট ২৫,১২৫ জন নারীকে ০৫ (পাঁচ) মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান;</p> <ul style="list-style-type: none"> <li>➤ IT Service Provider হিসেবে ১০,৪০০ জন;</li> <li>➤ Women Freelancer হিসেবে ১০,৪০০ জন;</li> <li>➤ Women Call Centre Agent হিসেবে ১,০৭৫ জন;</li> <li>➤ Women E-commerce Professional হিসেবে ৩,২৫০ জন।</li> </ul> <p>খ) প্রশিক্ষণ শেষে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের নিয়ে ০১ (এক) মাসব্যাপী মেন্টরশীপ প্রোগ্রাম আয়োজন;</p> <p>গ) তথ্যপ্রযুক্তি প্রয়োগে নারীর ক্ষমতায়ন বিষয়ে কেন্দ্রীয় পর্যায়ে ২টি ও ৪৪টি জেলায় ১টি করে সর্বমোট ৪৬টি সেমিনার আয়োজন ও প্রচার;</p> <p>ঘ) সফল প্রশিক্ষণার্থীদের ল্যাপটপ ক্রয়ের জন্য আর্থিক অনুদান প্রদান;</p> <p>ঙ) ২৫,১২৫ জন নারীকে আইসিটি পেশাজীবী এবং উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার জন্য একটি একক নারী উদ্যোক্তা প্ল্যাটফর্ম তৈরি;</p> <p>চ) সরকারি, বেসরকারি বিভিন্ন সংস্থার সাথে পার্টনারশীপ স্থাপন এবং চাকুরী মেলার আয়োজন।</p>

- তথ্য প্রযুক্তিতে নারীদের সক্ষমতা বৃদ্ধিতে চারটি ক্যাটাগরিতে ০৫ (পাঁচ) মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান ও ০১ (এক) মাসব্যাপী মেন্টরশীপ প্রদান করা হয়;
- প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম ফলপ্রসূ করার জন্য প্রশিক্ষণের মাঝামাঝিতে ল্যাপটপ প্রদান করা হয়।

### প্রকল্পের কাজের অগ্রগতিঃ

- ১ম পর্যায়ের ৪০৮ টি ব্যাচের ৮৪৬০ জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ২য় ও ৩য় পর্যায়ের ১৩,৫০৫ জন প্রশিক্ষার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।
- ৩য় পর্যায়ের ২৪৫০ জন প্রশিক্ষার্থীর যাচাই-বাছাই ও প্রশিক্ষণ শুরুর প্রক্রিয়া চলমান রয়েছে।
- ২০/০৯/২৪ খ্রি.তারিখ পর্যন্ত মোট ১৫৫৯০ জন প্রশিক্ষার্থীকে ল্যাপটপ প্রদান করা হয়েছে। পর্যায়ক্রমে বাকি ল্যাপটপ প্রদান করা হচ্ছে।
  - OTMS (Online Training Monitoring System) মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করা হয় (<https://otms.herpower.gov.bd/login>)
  - এখন পর্যন্ত ১৬,৭৬৫ জন প্রশিক্ষার্থীর ডাটাবেস তৈরি করা হয়েছে।
  - প্রশিক্ষণ শেষে এখন পর্যন্ত মোট ২৬৮৭ জন প্রশিক্ষার্থী মোট ৩৪৯.৮৮ লক্ষ টাকা আয় করেছে।

### ১০.৩ ডিজিটাল সংযোগ স্থাপন (Establishing Digital Connectivity)

উদ্দেশ্য: তথ্যপ্রযুক্তি নির্ভর কারিগরি শিক্ষা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় আইসিটি অবকাঠামো প্রস্তুত করে শিক্ষিত তরুণ-তরুণীদের সমন্বয়যোগ্য ও দক্ষ করে গড়ে তোলার মাধ্যমে ফ্রিল্যান্সিং পদ্ধতিতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, বৈদেশিক মুদ্রা অর্জন এবং ই-সেবার পরিসর বৃদ্ধি করা।

লক্ষ্য: আইসিটি বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল তৈরী ও আত্মকর্মসংস্থান সৃষ্টি, বিশ্ববিদ্যালয়সমূহে বিশেষায়িত গবেষণার সুযোগ, সুশাসনের জন্য তথ্যের সহজ প্রাপ্যতা নিশ্চিতকরণ ও দ্বৈততারোধ এবং অর্থনৈতিক সুযোগের বৈচিত্রের মাধ্যমে উন্নত পাবলিক পরিষেবা নিশ্চিত করা।

এক নজরে প্রকল্পের তথ্যাদি:

ক.	প্রকল্পের নাম	:	“ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প”
খ.	১) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ:	:	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
	২) বাস্তবায়নকারী সংস্থা	:	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
গ.	প্রকল্পের বাস্তবায়নকাল	:	১ ডিসেম্বর ২০২১ - ৩০ নভেম্বর ২০২৬।
ঘ.	প্রকল্প ব্যয়	:	৫৯২৩.৭৩ কোটি টাকা। (১০০%)
ঙ.	জিওবি	:	২৫৪৫.১৫ কোটি টাকা (৪২.৯৬%)
চ.	প্রকল্প ঋণ	:	৩৩৭৮.৫৮ কোটি টাকা (৫৭.০৪%) (৪০২.৬৯ মিলিয়ন USD)

ছ.	প্রকল্প এলাকা	:	সমগ্র বাংলাদেশ।
জ.	প্রকল্পের প্রধান উদ্দেশ্য	:	সরকারের সেবাসমূহকে ই-সেবায় রূপান্তরের মাধ্যমে জনগণের কাছে দ্রুত ও সহজে পৌঁছে দেয়া এবং সকল ক্ষেত্রে আইসিটির ব্যবহার বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় আইসিটি অবকাঠামো স্থাপন।
ঝ.	একনেক কর্তৃক অনুমোদন	:	২১ নভেম্বর ২০২১
ঞ.	একনেক কর্তৃক জিও ইস্যু	:	৮ ফেব্রুয়ারি ২০২২
ট.	আইসিটি বিভাগ কর্তৃক জিও ইস্যু	:	৯ ফেব্রুয়ারি ২০২২

### প্রকল্পের অঙ্গসমূহ

	১	২	৩	৪	৫	৬	৭
টাকসামান্য	End-User Connectivity ১,০৯,২৪৪টি (GoB)	SET (Service Employment & Training) Center ৪৯১টি (GoB)	Digital Lab ১০,০০০টি (GoB & DPA)	Specialized Lab ৫৭টি (GoB & DPA)	DoICT # 21 Tower (GoB & DPA)	Civil Registration & Vital Statistics (CRVS) (GoB & DPA)	Digital Village ১০টি (GoB & DPA)
টাকসামান্য	৩৮৪,৬২ কোটি টাকা	১১২৭,৭৪ কোটি টাকা	১৩৯১,৯১ কোটি টাকা	৪৬৯,৫৯ কোটি টাকা	৬৯৬,৯৫ কোটি টাকা	৪৪৫,০৯ কোটি টাকা	২৫১,১৬ কোটি টাকা
উদ্দেশ্য	৭৮০৪টি ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ সম্পন্ন হয়েছে।	<ul style="list-style-type: none"> <li>DoICT কর্তৃক অনুমোদিত হালনাগাদ তালিকা = ৩৮৫টি</li> <li>দরপত্র আহ্বান (চলমান) = ২৪২টি</li> <li>NoA প্রদান = ২২৯টি</li> <li>চুক্তি সম্পাদন (চলমান) = ২২৭টি</li> <li>নির্মাণ কাজ চলমান = ১৮৬টি</li> <li>নির্মাণ কাজ সম্পন্ন = ৩০টি</li> </ul>	-	৩০টি বিশ্ববিদ্যালয়ে ৫৭টি স্পেশালাইজড ল্যাব স্থাপনের নিমিত্তে সুনির্দিষ্ট জায়গার বিবরণ জানতে চেয়ে প্রকল্প অফিস থেকে চিঠি প্রেরণ করা হয়েছিল এবং এর পরিপ্রেক্ষিতে ইতোমধ্যে ২০টি প্রতিষ্ঠান তাদের মতামত সম্বলিত চিঠি প্রকল্প অফিসে প্রেরণ করেছে।	<ul style="list-style-type: none"> <li>China Railway International Group Co. Ltd. (CRIG) কর্তৃক খসড়া ডিজাইন প্রস্তুত কার্যক্রম চলমান।</li> <li>সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ থেকে উচ্চতা সংক্রান্ত ছাড়পত্র গৃহীত হয়েছে।</li> <li>স্বণ প্রাপ্তি সাপেক্ষে ডিজাইন ও প্রাক্কলন চূড়ান্ত করা হবে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>গত ০৯/০৬/২০২৪ তারিখে আইন মন্ত্রণালয় এর সাথে বিবাহ ও তালুক ম্যানেজমেন্ট সিস্টেম “বকন” উন্নয়নের লক্ষ্যে MoU সম্পাদন হয়েছে।</li> <li>‘Citizen Inbox’ উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম চলমান</li> </ul>	ডিজিটাল ভিলেজ স্থাপনের নিমিত্ত কনসালটেন্ট প্রতিষ্ঠান নিয়োগের জন্য ToR প্রস্তুত এর কার্যক্রম চলমান রয়েছে।

### SET Center

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক সারাদেশে প্রতিটি জেলা ও উপজেলায় মোট ৫৫৫টি “Service and Employment Training” Center (SET Center) স্থাপন করার পরিকল্পনা রয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর অধীনে “ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)” শীর্ষক প্রকল্পের আওতায় সারাদেশে উপজেলা কমপ্লেক্স ভবন ১ তলা উর্ধ্বমুখী সম্প্রসারণ করে ভবনের পঞ্চম তলায় “SET Center” স্থাপন করা হচ্ছে যা ভবিষ্যতের শিল্প কেন্দ্র হিসেবে কাজ করবে। যেসব স্থানে উপজেলা পরিষদ কমপ্লেক্স উর্ধ্বমুখী সম্প্রসারণ করা সম্ভব নয় (৩২টি উপজেলা) এবং ৬৪টি জেলায় নতুন অত্যাধুনিক বহুতল ভবন নির্মাণ করে “SET Center” স্থাপনের পরিকল্পনা রয়েছে।

## ডিজিটাল ল্যাব

“ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)” শীর্ষক প্রকল্পের অধীনে সারাদেশে মোট ১০,০০০ টি ডিজিটাল ল্যাব স্থাপন করা হবে। প্রতিটি ল্যাবে ২১ টি ল্যাপটপ, টিভি মনিটর, ফার্নিচার ও wifi সুবিধা থাকবে। সেখানে স্মার্ট লার্নিং এর উপযোগী পরিবেশ গড়ে তোলা হবে। এই ল্যাবের মাধ্যমে শিক্ষার্থীরা তথ্য প্রযুক্তি বিষয়ে ব্যবহারিক জ্ঞান লাভ করে তথ্যপ্রযুক্তিতে আরো দক্ষ হয়ে উঠবে।

## ৫৭টি বিশেষায়িত ল্যাব

পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে ৫৭টি বিশেষায়িত ল্যাব স্থাপন করা হবে যা চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলা করতে ও স্মার্ট বাংলাদেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। বিশেষ করে রোবটিক্স ল্যাব, ওপেন ডাটা ল্যাব, এডভান্স কম্পিউটিং ল্যাব, 3D, VLSI, Vital-Statistics ল্যাব স্থাপনের মাধ্যমে বিশেষায়িত প্রযুক্তিগত গবেষণা ও প্রশিক্ষণ প্রদান করা যাবে।

## এন্ড ইউজার কানেক্টিভিটি

প্রান্তিক পর্যায়ে শিক্ষাপ্রতিষ্ঠান, কমিউনিটি ক্লিনিকসহ বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে ১,০৯,২৪৪টি ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ (End User Connectivity) স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। ৩০ জুন ২০২৪ সালের মধ্যে ৩০০০টি সংযোগ স্থাপন করা হয়েছে। সকল সংযোগ প্রদান সমাপ্ত হলে উচ্চগতির ইন্টারনেট সুবিধা দেশের সর্বত্র পৌঁছে যাবে। ফলে আত্ম-কর্মসংস্থানের নিত্য-নুতন সুযোগ সৃষ্টি হবে। বিশেষ করে গ্রামে থেকে ঘরে বসে ই-কমার্সসহ ফ্রিল্যান্সিং এর ব্যাপক সুযোগ সৃষ্টি হবে। ৪৯১ টি উপজেলায় ৫০ জন কর্মে ৫ টি ব্যাচে সর্বমোট ১,২২,৭৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। এর ফলে আইসিটি শিল্পে বিরাট কর্মসংস্থান সৃষ্টি হবে।

ক্রমিক নং	স্টেকহোল্ডারের নাম	ডিপিপি অনুযায়ী সংযোগের সংখ্যা	প্রাপ্ত সংযোগের সংখ্যা	মন্তব্য
১	প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	৬৫,২২৬	৬৫,৫৬৭	
২	মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর	১৯,০১৬	২২,৯১২	
৩	স্বাস্থ্য অধিদপ্তর	১৮,০০০	১৫,৪৪৪	
৪	ভূমি সংস্কার বোর্ড (ইউনিয়ন ভূমি অফিস এবং উপজেলা ভূমি অফিস)	৩,৬৯৬	৩,৬৮১	
৫	সমাজসেবা অধিদপ্তর	২০৭	২৯২	
৬	জাতীয় বিশ্ববিদ্যালয়	০	১,৭০৮	
৭	বাংলাদেশ ডায়াবেটিক সমিতি	০	৮৯	
৮	কারিগরি শিক্ষা অধিদপ্তর	১,৭৭৩	৯৯	
৯	বন্দ্র অধিদপ্তর	০	৭১	
১০	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর	৬৫৩	৬৫৬	
১১	অন্যান্য সরকারি সংস্থা: ইউনিয়ন (সিংড়া, পীরগঞ্জ, কোটালীপাড়া, টুঞ্জিপাড়া, গোপালগঞ্জ সদর), জেলা ও উপজেলা জয় SET Center ও জেলা প্রশাসকের কার্যালয়	৬৭৩	৬৮৪	
১২	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়	০	১৯৩	
<b>সর্বমোট</b>		<b>১০৯,২৪৪</b>	<b>১১১,৬৯৬</b>	

## DoICT #2041 Tower

এছাড়াও “ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)” শীর্ষক প্রকল্পের আওতায় “DoICT #2041 Tower” নির্মাণ করা হবে। এটি মূলত একটি আইকনিক টাওয়ার যা স্মার্ট বাংলাদেশের প্রতিচ্ছবি হিসেবে বিশ্বের কাছে তুলে ধরবে। সারাদেশের সাথে আইসিটি বিষয়ক সুযোগ-সুবিধা এই কেন্দ্রীয় টাওয়ার থেকে পরিচালিত হবে। এটি আইসিটি হাব হিসেবে কাজ করবে। এই আইকনিক টাওয়ারে সরকারের সকল স্তরের কর্মকর্তা, কর্মচারি ও জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া ডিজিটাল লিডারশীপ একাডেমি, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট জোন, ব্লেন্ডেড লার্নিং জোন, স্টার্টআপ জোন থাকবে।

## ১০টি ডিজিটাল ভিলেজ সেন্টার

“ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি)” শীর্ষক প্রকল্পের আওতায় ১০টি ডিজিটাল ভিলেজ সেন্টার স্থাপন করা হবে। এরমধ্য দিয়ে বাংলাদেশে IoT (Internet of Things) নির্ভর স্মার্ট কৃষি প্রযুক্তির প্রবর্তন হবে। ২০,০০০ জন কৃষককে IoT ডিভাইস প্রদানসহ প্রশিক্ষণ প্রদান করা হবে।

## CRVS (Civil Registration Vital Statistic)

মন্ত্রিপরিষদ বিভাগের নেতৃত্বে সমন্বিত প্রশাসনিক প্রক্রিয়া- যার মাধ্যমে দেশের সকল নাগরিকের ৬টি (জন্ম, মৃত্যু, বিবাহ, বিবাহ-বিচ্ছেদ, দত্তক নিবন্ধন ও মৃত্যুর কারণ) গুরুত্বপূর্ণ ঘটনাসমূহ নিবন্ধন ও রেকর্ড (Civil Registration) করা এবং তার ভিত্তিতে সকল ধরনের পরিসংখ্যান (Vital Statistics) প্রস্তুত করা হবে। এই কম্পোনেন্টের আওতায় Integrated Service Delivery Platform (ISDP) প্ল্যাটফর্ম স্থাপন এবং রক্ষণাবেক্ষণ করা হবে, এনরোলমেন্ট এবং সার্ভিস ডেলিভেরি অবকাঠামো উন্নয়ন করা হবে, ISDP সম্পর্কিত সফটওয়্যার e-Service এপ্লিকেশন উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ করা হবে। ‘Citizen Inbox’ সার্টিফিকেট ও ডকুমেন্ট ইস্যু, যাচাই এবং প্রদান করার জন্য সমন্বিত সিস্টেম প্রস্তুত করা হবে। ‘BANDHAN’ – বিবাহ ও তালাক ম্যানেজমেন্ট সিস্টেম প্রস্তুত করা হবে।

গত ০৯/০৬/২০২৪ তারিখে আইন মন্ত্রণালয় এর সাথে বিবাহ ও তালাক ম্যানেজমেন্ট সিস্টেম “বন্ধন” উন্নয়নের লক্ষ্যে MoU সম্পাদন সাপেক্ষে “বন্ধন” উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম চলমান।

## ১১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রস্তাবিত প্রকল্পসমূহ

## এডিপিতে অন্তর্ভুক্ত প্রস্তাবিত প্রকল্পসমূহঃ

ক্রমিক	প্রকল্পের নাম	বিবরণ
১	তোশাখানা স্মার্ট ব্যবস্থাপনা	তোশাখানার ইতিহাস ঐতিহ্য ও উপহারসামগ্রীসহ বিভিন্ন তথ্যাদি সংরক্ষণ, নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ভার্চুয়ালি উপস্থাপন।
২	প্রাথমিক বিদ্যালয়সমূহে স্মার্ট ল্যাব স্থাপন	তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সৃজনশীল, প্রোগ্রামিং-এ দক্ষ এবং আধুনিক বিশ্বের সাথে তাল মিলিয়ে উন্নত বাংলাদেশের নাগরিক হিসেবে ভবিষ্যৎ প্রজন্মকে গড়ে তোলার নিমিত্তে প্রাথমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োজনীয় ও সর্বাধুনিক অবকাঠামো স্থাপন ও মানবসম্পদ উন্নয়ন।
৩	লার্নিং, আর্নিং এবং অন্ট্রিপ্রিনিউরশীপ ডেভেলপমেন্ট প্রকল্প	২০৪১ সালের মধ্যে জ্ঞানভিত্তিক ও উন্নত স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে ফ্রিল্যান্সারদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে বিশ্ববাজারে কর্মসংস্থান সৃষ্টি, দেশের বেকারত্ব হ্রাস ও বৈদেশিক মুদ্রা অর্জন করা।
৪	স্মার্ট সার্ভিস পয়েন্ট (SSP)	<ul style="list-style-type: none"> <li>অন্তর্ভুক্তিমূলক স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের জন্য ডিজিটাল ডিভাইডের প্রভাব প্রশমন এবং তথ্য প্রযুক্তি নির্ভর নাগরিক সেবা সরবরাহ ব্যবস্থা শক্তিশালীকরণ;</li> <li>বেসরকারি উদ্যোক্তা ও সেবা কর্মীগণের সঙ্গে অংশিদারিত্বে ভিত্তিতে মাঠ পর্যায়ে তথ্য প্রযুক্তি সেবা বাস্তবায়নে স্মার্ট সার্ভিস পয়েন্টকে একটি উপানুষ্ঠানিক পরিকাঠামোয় রূপান্তরকরণ।</li> </ul>
৫	স্মার্ট অপার্চুনিটি ফর ইয়ুথ	তথ্য প্রযুক্তিতে বিভিন্ন সম্ভাবনাময় উদ্যোগ/ উদ্ভাবনকে কাজে লাগিয়ে শিক্ষা, গবেষণা, স্বাস্থ্য ও বাণিজ্যিক খাতে তরুণদের জন্য স্বাবলম্বী হওয়ার নিত্যনতুন সুযোগ সৃষ্টি।
৬	ফ্যাক্ট-চেকিং (Fact-Checking)	বিশ্রাস্তিমূলক তথ্য/গুজব সনাক্ত করা এবং ছড়িয়ে যাওয়া রোধ করা।
৭	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে পাবলিক কী ইনফ্রাস্ট্রাকচার (PKI) স্থাপন	সার্টিফাইং অথরিটি (CA) প্রতিষ্ঠার নিমিত্ত পাবলিক কী ইনফ্রাস্ট্রাকচার (PKI) স্থাপন এবং নিরাপদ ও নির্ভরযোগ্য ডিজিটাল সার্টিফিকেট ইস্যু সেবা চালুর মাধ্যমে দেশব্যাপী ডিজিটাল স্বাক্ষরের প্রসারকে ত্বরান্বিত করা।
৮	ফ্রম ধোলাইখাল টু গ্লোবাল: ইনোভেশন ইকোসিস্টেমের মাধ্যমে দেশীয় উদ্ভাবনের প্রসার	ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহারের মাধ্যমে দেশীয় উদ্ভাবকদের জন্য উদ্ভাবনের অনুকূল পরিবেশ তৈরি এবং তাদের পৃষ্ঠপোষকতার মাধ্যমে দেশীয় পণ্য উদ্ভাবন ও এর ব্যবহার বৃদ্ধিকরণ।
৯	আইসিটি অধিদপ্তরের কর্মকর্তাদের ফ্রন্টলিনার টেকনোলজিতে সক্ষমতা বৃদ্ধি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তাদের আইসিটির বিভিন্ন নতুন ও উদীয়মান ক্ষেত্রে নিবিড় প্রশিক্ষণ ও শিক্ষা কার্যক্রমের মাধ্যমে সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধিকরণ।
১০	Her Power (Phase-2)	তথ্য-প্রযুক্তির সর্বোত্তম নিরাপদ ব্যবহার করে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নারীদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা ও উদ্যোক্তা হিসাবে তাদের টেকসই ক্ষমতায়ন নিশ্চিত করা।

## সম্ভাব্যতা যাচাই-কার্যক্রম (চলমান):

ক্রমিক	প্রকল্পের নাম	বিবরণ
১	স্মার্ট ইলেক্ট্রনিক বর্জ্য ব্যবস্থাপনা	Minimize environmental impact by responsibly collecting, recycling, and disposing of electronic waste to promote sustainable resource management and reduce electronic pollution.
২	ডিজিটাল সংযোগ স্থাপন ২য় পর্যায়	Eradicate extreme poverty and providing macroeconomic stability by contributing to GDP growth as well as supporting innovation by driving enhanced learning outcomes as well as supporting development of Startups and SMEs.
৩	ন্যাশনাল আইসিটি একাডেমী	আইসিটি জনবলের সক্ষমতাবৃদ্ধিকরণ, প্রাতিষ্ঠানিকরণ এবং আইসিটি এক্সিলেন্স একাডেমি স্থাপনের মাধ্যমে টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত ও উদ্ভাবনী ক্ষমতা সম্পন্ন স্মার্ট বাংলাদেশ গঠন।
৪	বিশেষায়িত সাইবার সিকিউরিটি সেন্টার স্থাপন	সাইবার নিরাপত্তা ঝুঁকি মোকাবেলায় দক্ষ জনশক্তি ও সচেতনতা বৃদ্ধির জন্য কেন্দ্রীয় পর্যায়সহ ৬৪ টি জেলা, বিশ্ববিদ্যালয় ও পলিটেকনিক ইন্সটিটিউটগুলোতে সাইবার সিকিউরিটি ল্যাব স্থাপন ও সাইবার সিকিউরিটি বিষয়ক উচ্চতর প্রশিক্ষণ প্রদান।

## ১২. দেশীয় ও আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্বাক্ষর (এমওইউ)

## চলমান সমঝোতা স্মারক সংক্রান্ত তথ্য

ক্রমিক নং	দপ্তর/সংস্থার নাম	MoU স্বাক্ষরের তারিখ ও মেয়াদ	MoU এর বিষয়
১.	খাদ্য অধিদপ্তর	২৯/১১/২০২০ - ২৯/১১/২০২৫	CAMS software এর ব্যবহার
২.	বাংলাদেশ হাই-টেক পার্ক	নভেম্বর ২০১৬ – নভেম্বর ২০৬৬	জমি ইজারা চুক্তি
৩.	ইন্সটিটিউট অফ ইনফরমেশন অ্যান্ড টেকনোলজি (DU)	১১/০৪/২০২৩ – ৩১/১২/২০২৮	“DOY” প্রোজেক্টের আওতায় Certification Verification System তৈরিতে সহায়তা প্রদান
৪.	হার পাওয়ার প্রোজেক্ট	১১/০৪/২০২৩ – ৩১/১২/২০২৬	“DOY” প্রোজেক্টের আওতায় Certification Verification System তৈরিতে সহায়তা প্রদান
৫.	United International University (UIU)	১১/০৪/২০২৩ – ৩১/১২/২০২৮	“DOY” প্রোজেক্টের আওতায় Certification Verification System তৈরিতে সহায়তা প্রদান

ক্রমিক নং	দপ্তর/সংস্থার নাম	MoU স্বাক্ষরের তারিখ ও মেয়াদ	MoU এর বিষয়
৬.	DIKKHA Project	২৫/০৪/২০২৩-৩০/০৬/২০২৪	“DOY” প্রোজেক্টের আওতায় Certification Verification System তৈরিতে সহায়তা প্রদান
৭.	Coderstrust Bangladesh	০৫/০১/২০২৩ – ০৪/০১/২০২৬	অদক্ষ মানব সম্পদকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করার লক্ষ্যে আইসিটি ভিত্তিক প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানে পারস্পরিক সহযোগিতা
৮.	UCEP	০১/০৬/২০২২ - ৩১/০৫/২০২৫	
৯.	BRAC Kumon	২৩/০১/২০২৩ -	ডিজিটাল ল্যাব স্থাপিত স্কুলে "Kumon method"-এ শিক্ষা প্রদানের সমঝোতা স্মারক
১০.	জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘর	১৪/১১/২০২২ – ১৩/১১/২০২৫	অফিস ভাড়া সংক্রান্ত
১১.	Coderstrust Bangladesh	২০/০৬/২০২৩-১৯/০৬/২০২৬	শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ডিজিটাল ল্যাব ব্যবহার করে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার্থীদের STEM শিক্ষা দেয়া
১২.	Nokrek IT Institute	১৭/০৭/২০২৩-১৬/০৭/২০২৬	অদক্ষ মানব সম্পদকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করার লক্ষ্যে আইসিটি ভিত্তিক প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানে পারস্পরিক সহযোগিতা
১৩.	Techknowgram Limited	১৬/০৮/২০২৩-১৫/০৮/২০২৬	অদক্ষ মানব সম্পদকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করার লক্ষ্যে আইসিটি ভিত্তিক প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানে পারস্পরিক সহযোগিতা
১৪.	Walton Digi-Tech Industries Limited	১৬/০৮/২০২৩-১৫/০৮/২০২৬	অদক্ষ মানব সম্পদকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করার লক্ষ্যে আইসিটি ভিত্তিক প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানে পারস্পরিক সহযোগিতা
১৫.	বাংলাদেশ সরকারের জন্য নিরাপদ ই-মেইল ও ডিজিটাল লিটারেসি সেন্টার স্থাপন প্রকল্প (২য় সংশোধিত)	“বাংলাদেশ সরকারের জন্য নিরাপদ ই-মেইল ও ডিজিটাল লিটারেসি সেন্টার স্থাপন প্রকল্প (২য় সংশোধিত)”- প্রকল্প চলাকালীন সময় পর্যন্ত মেয়াদ থাকবে	“শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) প্রকল্পের আওতায় থাকা সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী ‘বাংলাদেশ সরকারের জন্য নিরাপদ ই-মেইল ও ডিজিটাল লিটারেসি সেন্টার

ক্রমিক নং	দপ্তর/সংস্থার নাম	MoU স্বাক্ষরের তারিখ ও মেয়াদ	MoU এর বিষয়
			স্থাপন' (DLC) এর কার্যক্রমে অংশগ্রহণ নিশ্চিত করা
১৬	Bangladesh Hi-Tech Park Authority	১১/০৯/২০২৩ – ১০/০৯/২০২৬	বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অধীনে বিভিন্ন স্থাপনায় অধিদপ্তরের প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা
১৭	Nexus Television, Bangladesh	১২-১০-২০২৩ থেকে ১১-১০-২০২৬	অদক্ষ মানব সম্পদকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করার লক্ষ্যে আইসিটি ভিত্তিক প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানে পারস্পরিক সহযোগিতা
১৮	Institute of Information Technology, Jahangirnagar University	০৪/১১/২০২৩ – ০৩/১১/২০২৬	অদক্ষ মানব সম্পদকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করার লক্ষ্যে আইসিটি ভিত্তিক প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানে পারস্পরিক সহযোগিতা এবং গবেষণা কাজে সহযোগিতা
১৯	PeopleNTech Institute of Information Technology	২৩/১০/২০২৩ – ২২/১০/২০২৬	অদক্ষ মানব সম্পদকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করার লক্ষ্যে আইসিটি ভিত্তিক প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানে পারস্পরিক সহযোগিতা
২০	e-Learning & Earning Limited	১৩/১২/২০২৩ – ১২/১২/২০২৬	অদক্ষ মানব সম্পদকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করার লক্ষ্যে আইসিটি ভিত্তিক প্রশিক্ষণ ও শিক্ষা প্রদানে পারস্পরিক সহযোগিতা

## ১৩. সাম্প্রতিক অর্জনসমূহ

### স্মার্ট অফিস ম্যানেজমেন্ট সিস্টেম(SOMS) উদ্ভাবনী উদ্যোগটি ২০২৩-২৪ অর্থ বছরে ২য় স্থান অর্জন করে



### ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নে:

আইসিটি বিভাগ ও আওতাধীন দপ্তরসমূহের মধ্যে:

- প্রথম স্থান : ২০১৯-২০, ২০২০-২১
- দ্বিতীয় স্থান : ২০২১-২২, ২০২২-২৩





বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA) বাস্তবায়ন পুরস্কার  
(আইসিটি বিভাগের আওতাধীন দপ্তরসমূহের মধ্যে)



১। ১ম স্থান- ২০১৯-২০

২। ৩য় স্থান- ২০২০-২১

৩। ২য় স্থান- ২০২১-২২

৪। ২য় স্থান- ২০২২-২৩

জাতীয় এবং আন্তর্জাতিক পুরস্কার অর্জন



“সুরক্ষা” Covid19 Vaccine Management System এর জন্য